সমকাল

# স্কুল-কলেজে সব অনুষ্ঠান স্থগিত

অ্যাসেমব্লি শ্রেণিকক্ষে

১৩ মার্চ ২০২০

**সমকাল প্রতিবেদক**

বাংলাদেশে করোনাভাইরাস (কভিড-১৯) শনাক্ত হওয়ায় স্কুল-কলেজের সব ধরনের অনুষ্ঠান স্থগিতের নির্দেশ দিয়েছে সরকার। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বার্ষিক পিকনিক, শিক্ষা সফর, বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠানসহ অন্য যে কোনো অনুষ্ঠানের আয়োজন থেকে বিরত থাকতে বলা হয়েছে। বুধবার মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) পক্ষ থেকে জারি করা এ নির্দেশনায় স্কুল-কলেজের প্রাত্যহিক জাতীয় সংগীত পরিবেশনা ও সমাবেশ (অ্যাসেমব্লি) শ্রেণিকক্ষেই আয়োজন করতে হবে।

গত রোববার বিদেশফেরত তিনজনের শরীরে করোনাভাইরাসের সংক্রমণ ধরা পড়ার কথা জানায় সরকারের রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠান (আইইডিসিআর)। এরপর সরকারের পক্ষ থেকে জানানো হয়, দেশের শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধের মতো পরিস্থিতি সৃষ্টি না হওয়ায় স্কুল-কলেজগুলো আপাতত খোলা থাকবে। শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, বিশেষজ্ঞদের পরামর্শের ভিত্তিতে শিক্ষাপ্রতিষ্ঠান খোলা বা বন্ধ রাখার বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে।

মাউশি মহাপরিচালক অধ্যাপক সৈয়দ মো. গোলাম ফারুক স্বাক্ষরিত মাউশির নির্দেশনায় বলা হয়, সরকার ইতোমধ্যে করোনাভাইরাসের সংক্রমণ রোধে প্রয়োজনীয় নির্দেশনা দিয়েছে। এ ভাইরাসের সংক্রমণ রোধে সবার সতর্কতা ও সচেতনতা প্রয়োজন। মাউশির অধীন সব অফিস ও শিক্ষাপ্রতিষ্ঠান সংশ্লিষ্ট সবাইকে এ পরিস্থিতি মোকাবিলায় জনসমাগম এড়িয়ে চলার পরামর্শ দেওয়া হয়েছে। পুনরাদেশ না পাওয়া পর্যন্ত প্রাত্যহিক সমাবেশ শ্রেণিকক্ষে আয়োজন করতে হবে। সেখানেই জাতীয় সংগীত গাওয়াসহ অন্যান্য কার্যক্রম পরিচালিত হবে।

গতকাল সমকালকে মাউশি মহাপরিচালক বলেন, আপাতত যে কোনো ধরনের জনসমাগম এড়িয়ে চলতে শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে বলা হয়েছে। খেলাধুলা, সাংস্কৃতিক অনুষ্ঠানসহ যেখানে জনসমাগম হয়, সেসব অনুষ্ঠানের সূচি নতুন করে করতে বলা হয়েছে। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত স্কুল-কলেজগুলোকে এসব মেনে চলতে বলা হচ্ছে।

মাউশির নির্দেশনায় আরও বলা হয়, করোনাভাইরাস প্রতিরোধে আইইডিসিআর-এর ওয়েবসাইটে প্রকাশিত করোনাভাইরাসের তথ্যসংবলিত নির্দেশনা ও পরামর্শ অনুসরণীয়। জরুরি প্রয়োজনে আইইডিসিআর-এর কন্ট্রোল রুমে (০১৭০০-৭০৫৭৩৭) অথবা হটলাইন নম্বরে (০১৯৩৭-১১০০১১, ০১৯৩৭-০০০০১১, ০১৯২৭-৭১১৭৮৪, ০১৯২৭-৭১১৭৮৫) যোগাযোগ করতে বলা হয়েছে।

© সমকাল ২০০৫ - ২০২০

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন : +৮৮০১৯১১০৩০৫৫৭, +৮৮০১৯১৫৬০৮৮১২ (প্রিন্ট), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) | ইমেইল: samakalad@gmail.com (প্রিন্ট), ad.samakalonline@outlook.com (অনলাইন)